# সুগার মিলের উৎপাদন বাড়াতে সরকার কাজ করছে: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

দেশের সুগার মিলগুলোকে শুধু মৌসুমি উৎপাদনের মধ্যে সীমাবদ্ধ না রেখে বছরজুড়ে কার্যক্রম চালু রাখার পরিকল্পনা করছে সরকার বলে জানিয়েছেন বিএনপির যুগ্ম মহাসচিব ও শিল্প মন্ত্রণালয়ের উপদেষ্টা রুহুল কবির রিজভী।

শুক্রবার (৩১ জুলাই) বিকেলে নাটোর সুগার মিল পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান।

রিজভী বলেন, বর্তমানে অধিকাংশ সুগার মিল বছরের কয়েক মাস উৎপাদনে থাকলেও বাকি সময় প্রায় অচল অবস্থায় থাকে। এ বাস্তবতা থেকে বেরিয়ে আসতে বিকল্প উৎপাদন কার্যক্রম চালুর বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হচ্ছে, যাতে মিলগুলো সারা বছর সচল থাকে এবং আর্থিকভাবে স্বাবলম্বী হতে পারে।

তিনি জানান, চিনি উৎপাদনের পাশাপাশি বিভিন্ন বাই-প্রোডাক্ট তৈরির উদ্যোগ নেওয়া হচ্ছে। এর মাধ্যমে মিলগুলোর আয় বাড়ানো এবং দীর্ঘমেয়াদে সেগুলোকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করাই সরকারের লক্ষ্য।

শিল্পায়ন সম্প্রসারণের বিষয়ে তিনি বলেন, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) আরও বিস্তৃত করার পরিকল্পনা রয়েছে। নতুন শিল্পপ্রতিষ্ঠান গড়ে তোলার ক্ষেত্রে স্থানীয় সংসদ সদস্যদের মতামতের পাশাপাশি স্থানীয় উদ্যোক্তাদেরও অগ্রাধিকার দেওয়া হবে।

এ সময় জাতীয় সংসদের হুইপ ও স্থানীয় সংসদ সদস্য রুহুল কুদ্দুস তালুকদার দুলু, বাংলাদেশ চিনিকল আখ চাষী কল্যাণ ফেডারেশনের সভাপতি মসলেম উদ্দিন, নাটোর সুগার মিল শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক আবু সাইদ এবং দলীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

LENS ASIA